

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।




স্মারক- ৩২.০১.০০০০.০০৩.২৬.০৫২.২১-১০৯১

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় মোটরসাইকেল/স্কুটি গ্রহণ এবং ডেলিভারি চালান প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের মাঠ পর্যায়ে কর্মরত ফিল্ড সুপারভাইজারদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য জেলা পর্যায়ে ৬৪টি মোটরসাইকেল (পুরুষ ৫৯টি মোটরসাইকেল ও মহিলা ৫টি স্কুটি) সরবরাহের জন্য দেওয়ান এন্টারপ্রাইজ, ৭৩, কাঁচাকুড়া জামে মসজিদ মার্কেট, উত্তরখান, ঢাকা-১২৩০ কে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান ১১০সিসি Hero Passion Xpro Disc মোটরসাইকেল ও Hero Maestro Edge মডেলের স্কুটির সাথে হেলমেট (ফুল ফেস), রেইনকোট, হন্ডা ডাস্ট কভার ও হ্যান্ড গ্লোভস সরবরাহ করবে।

এমতাবস্থায়, বর্ণিত ঠিকাদারী প্রতিষ্ঠান বা তার প্রতিনিধির নিকট থেকে ১ম ধাপে ১১০সিসি Hero Passion Xpro Disc মোটরসাইকেল ও Hero Maestro Edge মডেলের স্কুটি এবং আনুসঙ্গিক হিসাবে হেলমেট (ফুল ফেস), রেইনকোট, হন্ডা ডাস্ট কভার ও হ্যান্ড গ্লোভস গ্রহণপূর্বক ডেলিভারি চালান এবং প্রাপ্তি স্বীকার পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, মোটরসাইকেল ব্যবহার সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে প্রেরণ করা হবে।


জয়ন্ত কুমার সিকদার

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপপরিচালক (সকল জেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০৩। উপজেলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা)।
- ০৪। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ০৫। ফিল্ড সুপারভাইজার (সকল জেলা)।
- ০৫। অফিস কপি।